দৈনিক ইত্তেফাক
তারিখ 19 MAY 2015
পৃষ্ঠা ৫ কলাম ৫

# বেতন ভাতার দাবিতে বাকৃবি কর্মচারীদের কর্মবিরতি

■ বাকৃবি সংবাদদাতা

বকেয়া বেতন-ভাতা দ্রুত পরিশোধ এবং উপাচার্য নিয়োগের দাবিতে গতকাল সোমবার থেকে পূর্ণ দিবস কর্মবিরতি পালন করেছে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাকৃবি) ৩য় ও ৪র্থ শ্রেণী এবং কারিগরি কর্মচারীরা।

সকাল থেকে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন একাডেমিক, হল, অনুষদীয় ভবন, খামার থেকে ৩য় ও ৪র্থ শ্রেণী এবং কারিগরি কর্মচারীরা ৩য় শ্রেণী কর্মচারী সমিতির কার্যালয়ে জমায়েত হয়। পরে সমাবেশ ও বিক্ষোভ সমাবেশ করে এবং দাবি আদায় না হওয়া পর্যন্ত পূর্ণ দিবস কর্মবিরতি পালনের ঘোষণা দেয়। এদিকে কর্মচারীদের কর্মবিরতিতে বিপাকে পড়েছে শিক্ষার্থীরা। বিভিন্ন হলে এবং অনুষদীয় ভবনে দায়িত্বরত কর্মচারীরা না থাকায় স্বাভাবিক কাজকর্ম ব্যাহত হচ্ছে।